# সরকারি তোলারাম কলেজ

## নারায়ণগঞ্জ

## বিজ্ঞপ্তি

তারিখ: ২৭/০৯/২০২৩ খ্রি.

**বিষয়: ২০২২ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষার ফরমপূরণ।**

এতদ্বারা ছাত্র-ছাত্রী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২২ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স-১ম বর্ষ পরীক্ষার ফরম পূরণ ০১/১০/২০২৩ হতে ২৯/১০/২০২৩ তারিখ পর্যন্ত ফরমপূরণ চলবে।

### ফরম পূরণ প্রক্রিয়াঃ

শিক্ষার্থী নিজে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nubd.info/formfillup) এ গিয়ে Apply to Online Form Fill up (For Student) লিংকে ক্লিক করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে আবেদন ফরমপূরণ প্রক্রিয়া সম্পন্ন করে ফরম ডাউনলোড ও প্রিন্ট করে পরবর্তীতে নির্ধারিত টাকা অনলাইন মোবাইল ব্যাংকিং 'নগদ/বিকাশ/রকেট'- এর মাধ্যমে জমা দিয়ে আবেদন ফরমসহ প্রয়োজনীয় কাগজপত্র (এক সেট) কলেজের মূল ভবনের পিছনের কাউন্টারে অবশ্যই জমা দিতে হবে।

বিঃ দ্রঃ ফরমপূরণের নির্ধারিত সময়ের পর বিলম্ব ফি দিয়ে ফরমপূরণের কোন সুযোগ নাই।

- আবেদন ফরমসহ প্রয়োজনীয় কাগজপত্র জমা দেয়ার সময় - সময় সকাল ১০:০০ টা হতে দুপুর- ১:৩০ মি: পর্যন্ত।
- ফরম পূরণ কমিটি বসবে: কলা ভবন চত্বর।

### পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী ঃ

ক) ডিগ্রী পাস কোর্স ১ম বর্ষ পরীক্ষা (৭০০ নম্বর) নিয়মিতঃ

i) ২০২১-২২ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী ও ২০২২ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।

খ) ডিগ্রী পাস কোর্স ১ম বর্ষ পরীক্ষা (অনিয়মিত)ঃ

i) ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯, ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৭, ২০১৮, ২০১৯, ২০২০ ও ২০২১ সালের রেজিষ্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৭, ২০১৮, ২০১৯, ২০২০ ও ২০২১ সালের ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করেনি অথবা অংশগ্রহণ করে অকৃতকার্য (**Not Promoted**) হয়েছে তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ii) ২০১৬-১৭, ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯, ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৭, ২০১৮, ২০১৯, ২০২০ ও ২০২১ সালের রেজিষ্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৭, ২০১৮, ২০১৯, ২০২০ ও ২০২১ সালের ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে এক বা একাধিক কোর্সে F গ্রেড পেয়ে ২য় বর্ষে উত্তীর্ণ হয়েছে সে সকল শিক্ষার্থীগণ F গ্রেড প্রাপ্ত কোর্সে এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

iii) ২০১৬-১৭, ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯, ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৭, ২০১৮, ২০১৯, ২০২০ ও ২০২১ সালের রেজিষ্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৭, ২০১৮, ২০১৯, ২০২০ এবং ২০২১ সালের ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহন করে ২য় বর্ষে উত্তীর্ণ (**Promoted- C**) হয়েছে তাদের অনুপস্থিত কোর্সে এ পরীক্ষায় অংশগ্রহণ করা বাধ্যতামূলক।

iv) উপরোক্ত শিক্ষার্থীদেরকে ১ম বর্ষে "স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস" আবশ্যিকসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ১ম ও ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

v) ১ম বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ করা বাঞ্ছনীয়।

গ) ডিগ্রী পাস কোর্স ১ম বর্ষ মানোন্নয়ন পরীক্ষা ঃ

i) ২০১৬-১৭, ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯, ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ও ২০১৭, ২০১৮, ২০১৯, ২০২০ ও ২০২১ সালের রেজিষ্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০২১ সালের ১ম বর্ষের পরীক্ষায় প্রথম বারের মত অংশগ্রহণ করে যে সমস্ত কোর্সে **C** ও **D** গ্রেড পেয়েছে তারা **C** ও **D** গ্রেড পাওয়া সর্বোচ্চ দু'টি কোর্সে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে পূর্বে **F** গ্রেড প্রাপ্ত পত্রে **C** বা **D** গ্রেডে উন্নীত হলে ঐ পত্রে মানোন্নয়ন পরীক্ষার কোন সুযোগ নাই।

ঘ) সার্টিফিকেট কোর্স পরীক্ষা (২০০ নম্বর) ঃ

i) ২০২২ সালের সার্টিফিকেট কোর্স-এ রেজিষ্ট্রেশনকৃত শিক্ষার্থীরা এ পরীক্ষায় ১ম বর্ষের নির্ধারিত ১ম ও ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ii) ২০১৭, ২০১৮, ২০১৯, ২০২০ ও ২০২১ সালের সার্টিফিকেট কোর্সের শিক্ষার্থী যারা ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে অকৃতকার্য (**Not Promoted**) হয়েছে তারা ১ম বর্ষের নির্ধারিত ১ম ও ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করবে।

iii) এ সকল শিক্ষার্থীরা ২০১৩-১৪ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

চলমান পাতা # ০২

ঙ) এক বা একাধিক কোর্সে অকৃতকার্য ২০১৩-২০১৪, ২০১৪-২০১৫, ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের এবং ২০১৪, ২০১৫, ২০১৬ সালের রেজিস্ট্রেশনকৃত (প্রাইভেট) শিক্ষার্থীরা রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হওয়ায় সর্বসাকুল্যে ৫,৫০০/- (পাঁচ হাজার পাঁচশত) টাকা ফি প্রদান সাপেক্ষে বিশেষ বিবেচনায় শুধুমাত্র ২০২২ সালের ১ম বর্ষ পরীক্ষায় বিশেষ পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। ২০১৩-২০১৪, ২০১৪-২০১৫, ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষেও এবং ২০১৪, ২০১৫ ও ২০১৬ সালের রেজিস্ট্রেশনকৃত (প্রাইভেট) যে সকল শিক্ষার্থী ২য় ও ৩য় বর্ষে অকৃতকার্য হয়েছে তারা ২০২২ সালের ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবো না। শর্ত থাকে যে, ২০২২ সালের ১ম বর্ষে পরীক্ষায় ফরমপূরণ না করলে, ফরমপূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ না করলে বা পরীক্ষায় অংশগ্রহণ করে পুনরায় অকৃতকার্য হলে ভবিষ্যতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ চেয়ে আর কোন আবেদন করতে পারবে না।

## ২০২২ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষার নির্ধারিত ফিসের বিবরণ।

| ক্রমিক নম্বর | বিষয়/কোর্স | টাকার পরিমান |
|---|---|---|
| ০১. | ১ম বর্ষ (৭০০ নম্বর)-নিয়মিত | ১,৩০০/- |
| ০২. | ১ম বর্ষ নট-প্রোমোটেড/অনিয়মিত (ইতিপূর্বে যারা পরীক্ষা দেয়নি) | ১,৫০০/- |
| ০৩. | ১ম বর্ষ (৭০০ নম্বর)-প্রাইভেট | ১,৮৫০/- |
| ০৪. | ১ম বর্ষ (সার্টিফিকেট কোর্স) | ১,০০০/- |
| ০৫. | এক বা একাধিক কোর্সে অকৃতকার্য ২০১৩-২০১৪, ২০১৪-২০১৫, ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের এবং ২০১৪, ২০১৫, ২০১৬ সালের রেজিস্ট্রেশনকৃত (প্রাইভেট) শিক্ষার্থীদের জন্য | ৫,৫০০/- |
| ০৬. | গ্রেড উন্নয়ন/মানোন্নয়ন/অনিয়মিত (এক পত্র) | ১,০০০/- |
| বি. দ্র. গ্রেড উন্নয়ন/মানোন্নয়ন/অনিয়মিত পরীক্ষার্থীদের একপত্রে লাগবে ১,০০০/- টাকা এবং এক এর অধিক পত্র হলে প্রতি পত্রের জন্য ১০০/- টাকা হারে যোগ করতে হবে। | | |

## ফি প্রদান প্রক্রিয়াঃ

নির্ধারিত ফি মোবাইল ব্যাংকিং সিস্টেম **"নগদ/বিকাশ/রকেট"** এর মাধ্যমে পরিশোধ করতে হবে।

**NAGAD>BILL PAY>GOVT. TOLARAM COLLEGE>STUDENT ID(Registration No)>TK>PAID**

or

**bKash>PAY BILL>GOVT. TOLARAM COLLEGE>STUDENT ID(Registration No)>TK>PAID**

or

**Rocket>PAY BILL>GOVT. TOLARAM COLLEGE>STUDENT ID(Registration No)>TK>PAID**

**আবেদন ফরমের সাথে সংযুক্ত করতে হবে:**

(ক) শিক্ষার্থীর আবেদন ফরম, রেজিস্ট্রেশন কার্ড এর ফটো:কপি এবং অনলাইনে ফি প্রদানের মানি রিসিট ফরম এর সাথে অবশ্যই যুক্ত করতে হবে।

(খ) আবেদন ফরম পূরণের সময় সম্ভাব্য শিক্ষার্থী তালিকায় প্রদত্ত বিষয় কোড ব্যবহার করতে হবে।

(গ) রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

(ঘ) প্রত্যেক শিক্ষার্থীদের সম্প্রতি তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা আঠা দ্বারা আটকিয়ে দিতে হবে ।

বি: দ্র: ফরমপূরণ সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র অবশ্যই কলেজের সাধারণ শাখায় জমা দিতে হবে। উক্ত কাগজপত্র জমা না দিলে ফরমপূরণ সংক্রান্ত কোনো জটিলতা দেখা দিলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

২৭/০৭/২০২২

(প্রফেসর বিমল চন্দ্র দাস)
অধ্যক্ষ
সরকারি তোলারাম কলেজ
নারায়ণগঞ্জ

২৭/০৭/২০২২